মাবাইল ফোনের ব্যবহার এবং স্বাস্থ্য সম্পর্কিত অধ্যয়ন

তথ্যমূলক লিফলেট

আপনাকে মোবাইল ফোনের ব্যবহার এবং স্বাস্থ্য সম্পর্কিত একটি দীর্ঘমেয়াদী অধ্যয়নে অংশ নিতে আমন্ত্রণ জানানো হচ্ছে। এই অধ্যয়নকে বলা হয় কসমস (COSMOS) (মোবাইল ফোনের ব্যবহার এবং স্বাস্থ্য সম্পর্কিত দলগত অধ্যয়ন)। আপনি যোগ দেবেন কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার পক্ষে এটা বোঝা জরুরী যে গবেষণাটি কেন করা হচ্ছে এবং এতে কী কী জড়িত আছে। অনুগ্রহ করে এই তথ্যমূলক লিফলেট পড়ার জন্য সময় দিন। যদি কোনো কিছু স্পষ্ট না হয়, অথবা আপনি যদি আরো তথ্য পেতে চান, তাহলে অনুগ্রহ করে নীচের ঠিকানায় অধ্যয়ন দলের একজন সদস্যের সাথে যোগাযোগ করুন:

UK COSMOS Study
Department of Epidemiology and Biostatistics
School of Public Health
Faculty of Medicine
Imperial College London, St Mary's Campus
Norfolk Place
London W2 1PG.

ইমেল : ukcosmos@imperial.ac.uk
ফ্রি-ফোন : 08000 270 270 (সোমবার - শনিবার সকাল 10.00 টা - সন্ধ্যা 6.00 টা)

এছাড়াও কসমস (COSMOS) সম্বন্ধে আরো তথ্য পাওয়া যায় :

www.ukcosmos.org

V25 29032010

Supported by the Department of Health

Department of Health

এই অধ্যয়ন বিষয়ে

কসমস (COSMOS) কী?

কসমস হল মোবাইল ফোনের ব্যবহার এবং স্বাস্থ্যের উপরে সম্ভাব্য দীর্ঘমেয়াদী প্রভাবের বিষয়ে একটি আন্তর্জাতিক দলগত অধ্যয়ন।

দলগত অধ্যয়ন কী?

যে ব্যক্তিদের নিয়ে দল গঠিত হয়, দলগত অধ্যয়নে তাদের স্বাস্থ্যকে একটি নির্দিষ্ট সময়কাল ধরে পর্যবেক্ষণ করা হয়। এই অধ্যয়নের ক্ষেত্রে, দলটি হল প্রচুর মানুষের একটি বিশাল গোষ্ঠী, যারা দৈনন্দিন জীবনে মোবাইল ফোন ব্যবহার করছেন।

কসমসের দলটি কত বড় হবে?

ইউকে-র দলটি 20 থেকে 30 বছর যাবত প্রায় 90 - 100,000 মোবাইল ফোন ব্যবহারকারীর (18+ বছর বয়সী) স্বাস্থ্য পর্যবেক্ষণ করবে। আন্তর্জাতিক দলটি প্রায় 250,000 ইউরোপীয় মোবাইল ফোন ব্যবহারকারীর স্বাস্থ্য পর্যবেক্ষণ করবে।

কসমসের উদ্দেশ্য কী?

মানুষের বিশাল গোষ্ঠীর দীর্ঘমেয়াদী স্বাস্থ্যকে পর্যবেক্ষণ করা যাতে আমরা এটা সনাক্ত করতে পারি যে দীর্ঘকাল ধরে মোবাইল ফোন ব্যবহারের সাথে স্বাস্থ্যের কোনো সম্ভাব্য সমস্যার যোগসূত্র আছে কিনা।

স্বাস্থ্যের উপর কী কী প্রভাব সম্পর্কে অধ্যয়ন করা হবে?

নির্দিষ্ট কয়েকটি উপসর্গ কত ঘন ঘন হয় তার কোনো পরিবর্তন হয়েছে কিনা, আমরা সেদিকে নজর দেব, যেমন মাথা যন্ত্রণা ও ঘুমের সমস্যা, এবং ক্যান্সার, ক্ষতিহীন টিউমার, নিউরোলজিকাল ও সেরিব্রো-ভাস্কুলার রোগ হওয়ার ঝুঁকি।

কারা এই অধ্যয়ন করছেন?

ইউকে-তে ইম্পেরিয়াল কলেজ অফ লন্ডন এই গবেষণাটি পরিচালনা করছে। কসমস হল একটি আন্তর্জাতিক অধ্যয়ন যা বেশ কয়েকটি ইওরোপীয় দেশে পরিচালনা করা হচ্ছে।

কারা এই অধ্যয়নের অর্থ জোগাচ্ছেন?

ইউকে-তে মোবাইল ফোন ও স্বাস্থ্যের উপরে গবেষণারত একটি স্বতন্ত্র কর্মসূচি MTHR এই অধ্যয়নের অর্থ জোগাচ্ছে, যা ডিপার্টমেন্ট অফ হেলথ ও ইন্ডাষ্ট্রি দ্বারা যৌথরূপে সমর্থিত http://www.mthr.org.uk/।

এই গবেষণাটি কেন জরুরী?

তুলনামূলকভাবে অল্প সময়ের মধ্যে মোবাইল ফোনের ব্যবহার ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। এখন দীর্ঘ সময়কাল ধরে একটি বিশাল জনগোষ্ঠীর স্বাস্থ্যকে পর্যবেক্ষণ শুরু করা আমাদের পক্ষে জরুরী হয়ে পড়েছে। এই স্বাস্থ্য পর্যবেক্ষণের মাধ্যমে আমরা এই নতুন প্রযুক্তির সাথে সংশ্লিষ্ট স্বাস্থ্যের দীর্ঘমেয়াদী প্রভাবগুলির সম্ভাবনা সম্পর্কিত অনিশ্চয়তাগুলির সমাধান করতে পারব। বিশ্বব্যাপী বিভিন্ন সংস্থা এই গবেষণাকে অগ্রাধিকার হিসেবে অনুমোদন দিয়েছে, যার মধ্যে ডিপার্টমেন্ট অফ হেল্থ, ইউকে হেলথ প্রোটেকশন এজেন্সি (HPA), ইউকে অ্যাডভাইজরি গ্রুপ অন নন-আয়োনাইজিং রেডিয়েশন (AGNIR),

ইওরোপিয়ান ইউনিয়নের সায়েন্টিফিক কমিটি অন এমার্জিং অ্যান্ড নিউলি আইডেন্টিফায়েড হেলথ রিস্কস (SCENHIR) এবং ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (WHO) অন্তর্ভুক্ত রয়েছে।

ইন্ডিপেন্ডেন্ট এক্সপার্ট গ্রুপ অন মোবাইল ফোন্স দ্বারা 2000 সালে স্টুয়ার্ট রিপোর্ট প্রকাশিত হওয়ার পরে ইউকে-তে স্বাস্থ্যের উপরে মোবাইল টেলিযোগাযোগের সম্ভাব্য প্রভাবের উপরে নজর দেওয়ার জন্য মোবাইল টেলিকমিউনিকেশন্স অ্যান্ড হেলথ রিসার্চ প্রোগ্রাম (MTHR) নামক একটি স্বতন্ত্র গবেষণামূলক কর্মসূচি তৈরি করা হয়েছিল। MTHR এর সবচেয়ে সাম্প্রতিক রিপোর্টে উপসংহার টানা হয়েছিল যে:

"...স্বল্প মেয়াদে (দশ বছরের কম সময় ধরে) মোবাইল ফোন থেকে নির্গত বিকিরণের সংস্পর্শে আসার সাথে মস্তিস্ক ও স্নায়ুতন্ত্রের ক্যান্সারের ঘটনা বৃদ্ধির কোনো সংযোগ নেই। তবে, এখনো যথেষ্ট অনিশ্চয়তা আছে যেগুলি একমাত্র দীর্ঘকাল ধরে বিশাল সংখ্যক ফোন ব্যবহারকারীর একটি দলের স্বাস্থ্য পর্যবেক্ষণের দ্বারাই সমাধান করা যেতে পারে।"

"কমিটি এই ব্যাপারে নিশ্চিত যে এই অনিশ্চয়তাগুলির সমাধান করার সেরা উপায় হল মোবাইল ফোন ব্যবহারকারীদের একটি বিশাল দলের উপরে অধ্যয়ন পরিচালনা করা, এই বিষয়টিকে ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনও উচ্চ অগ্রাধিকারসম্পন্ন হিসেবে মর্যাদা দিয়েছে।"

http://www.mthr.org.uk/documents/MTHR_report_2007.pdf

মোবাইল ফোনের ব্যবহার ও স্বাস্থ্যের বিষয়ে সরকারী তথ্য HPA ওয়েবসাইটে প্রদান করা হয়েছে :

http://www.hpa.org.uk/web/HPAweb&Page&HPAwebAutoListName/Page/1158934607786

অংশ নেওয়া

আমাকে কীভাবে কসমসে আমন্ত্রণের জন্য নির্বাচন করা হয়েছে?

ইম্পেরিয়াল কলেজ আপনার মোবাইল নেটওয়ার্ক অপারেটরকে তাদের গ্রাহকদের মধ্যে থেকে এলোপাতাড়িভাবে কিছু ব্যক্তিকে এই অধ্যয়নে অংশগ্রহণের আমন্ত্রণ জানানোর জন্য চিহ্নিত করতে অনুরোধ করেছে। সেই কারণে, আপনার গোপনীয়তা রক্ষা করার জন্য আপনার অপারেটর এই চিঠিটি পোস্ট করেছে।

আমার কেন অংশ নেওয়া উচিত?

বর্তমানে বিশ্বব্যাপী ছয়শ কোটির বেশি মোবাইল ফোন ব্যবহারকারী আছেন এবং ইউকে-তে 70 মিলিয়ন মোবাইল ফোন ডিভাইস ব্যবহৃত হয়। বর্তমান ব্যবহারকারী এবং ভবিষ্যত প্রজন্মের পক্ষে এটা জানা জরুরী যে আমাদের প্রাত্যহিক জীবনের কেন্দ্রস্থলে পৌছে যাওয়া এই নতুন ও ব্যাপকভাবে ব্যবহৃত প্রযুক্তির থেকে স্বাস্থ্যের উপরে কোনো দীর্ঘমেয়াদী প্রভাব পড়ার সম্ভাবনা আছে কিনা।

আমাকে কি কসমসে অংশ নিতেই হবে?

এই গবেষণায় অংশ নেওয়া ঐচ্ছিক। আপনার সিদ্ধান্ত আপনার মোবাইল নেটওয়ার্ক অপারেটরের সাথে আপনার সম্পর্ককে প্রভাবিত করবে না।

কসমসে অংশ নেওয়ার সাথে কী কী জড়িত আছে?

আপনি যদি অংশ নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে অনুগ্রহ করে www.ukcosmos.org এ ইউকে কসমসের ওয়েবসাইট দেখুন এবং অনলাইন প্রশ্নমালার লিংকে ক্লিক করুন। লগ-ইন করার জন্য আপনার সুরক্ষিত আইডি নম্বর (আপনার আমন্ত্রণের চিঠিতে পাওয়া যাবে) দরকার হবে, সম্মতি দিতে হবে এবং আপনার মোবাইল ফোন ব্যবহার, স্বাস্থ্য, ও

জীবনযাত্রার বিষয়ে প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নমালাটি সম্পূর্ণ করতে আপনার প্রায় 30-45 মিনিট সময় লাগবে। যদি কোনো কারণবশত আপনি একবারে প্রশ্নমালাটি সম্পূর্ণ করতে না পারেন তাহলে আপনি আপনার উত্তরগুলি সংরক্ষণ করে রাখতে পারবেন এবং পরবর্তী কোনো সময়ে প্রশ্নমালাটিতে ফেরত আসতে পারবেন।

অধ্যয়নের প্রাথমিক পর্যায়টি হল পাঁচ বছরের। এই পর্যায়ে, আমরা বছরে প্রায় একবার আপনার সাথে যোগাযোগ করব, যাতে আপনি মোবাইল নেটওয়ার্ক অপারেটর পালটে ফেললে আমরা আপনার বিবরণগুলি আপডেট করতে পারি অথবা অতিরিক্ত তথ্যের অনুরোধ জানাতে পারি।

আমরা কমপক্ষে 20 বছর যাবত আপনার স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ডগুলিও অনুসরণ করব, তবে আপনাকে আপনার প্রাথমিক সম্মতি দেওয়া ছাড়া অন্য কিছু করতে হবে না।

অংশ নিলে আমার কি কোনো সুবিধা হবে?

আপনি বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের স্বাস্থ্যের উপকার সাধনকারী একটি গুরুত্বপূর্ণ গবেষণায় অবদান দেবেন। এছাড়া একটি ছোট নিদর্শন হিসেবে, যে সমস্ত ব্যক্তি 30 জুন 2010 এর মধ্যে অনলাইন প্রশ্নমালাটি সম্পূর্ণ করবেন, তাদের সবাইকে £25 মূল্যের হাই-স্ট্রীট ভাউচারের জন্য একটি পুরস্কারের ড্রয়ে অন্তর্ভুক্ত করা হবে। আমরা 12ই জুলাই 2010-এ এলোপাতাড়িভাবে 100 জন বিজয়ীকে নির্বাচন করব। ফোনে ও ইমেলের মাধ্যমে বিজয়ীদের জানানো হবে। নিয়ম ও শর্তাবলীর জন্য www.ukcosmos.org দেখুন।

প্রয়োজনীয় তথ্য

এই অধ্যয়নের জন্য কী কী তথ্য প্রয়োজন?

এই অধ্যয়নের জন্য আমাদের আপনার জীবনের ৩টি বিশেষ ক্ষেত্রের ব্যাপারে তথ্য সংগ্রহ করা প্রয়োজন। এগুলি হল:

1. আপনার মোবাইল ফোন ব্যবহার - প্রশ্নমালাটিতে আপনার মোবাইল ফোন ও অন্যান্য নতুন প্রযুক্তির অতীত ও বর্তমান ব্যবহার সম্বন্ধে প্রশ্ন রয়েছে। এর সাথে আপনার নেটওয়ার্ক অপারেটর(দের) থেকে মোবাইল ফোন রেকর্ড নেওয়া হবে, যেমন আপনি কত ঘন ঘন এবং কতক্ষণ মোবাইল ফোন ব্যবহার করেন, আপনার কন্ট্র্যাক্ট সাবস্ক্রিপশন এবং পে-অ্যাজ-ইউ-গো উভয় প্রকারের ফোনের জন্যই। আপনি যে সমস্ত ফোন নম্বরে কল করেছেন বা যে ব্যক্তিরা আপনাকে কল করেছেন, সেগুলি সনাক্তকারী কোনো বিবরণ এই তথ্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে না। অধ্যয়নের পরবর্তী সময়কালব্যাপী আপনার নেটওয়ার্ক অপারেটর(দের) থেকে মোবাইল ফোন রেকর্ড সংগ্রহ করা চালিয়ে যাওয়ার জন্য আমাদের পক্ষে এটা জানা জরুরী যে আপনি আপনার নেটওয়ার্ক অপারেটর বদলে অন্য কোনো নেটওয়ার্ক অপারেটরের থেকে পরিষেবা নিচ্ছেন কিনা বা ফোন নম্বর পালটেছেন কিনা। আপনি ইউকে কসমস ওয়েবসাইটের মাধ্যমে, ইমেল বা ফ্রিফোনের (নীচের বিবরণ দেখুন) মাধ্যমে যে কোনো পরিবর্তনের ব্যাপারে আমাদেরকে সরাসরি অবহিত রাখতে পারেন। অথবা বিকল্পস্বরূপ, আমরা আপনার অনুমতি নিয়ে নেটওয়ার্ক অপারেটরদের থেকে এই তথ্য সংগ্রহ করব।

2. আপনার স্বাস্থ্য - প্রশ্নমালাটি আপনার অতীত ও বর্তমান স্বাস্থ্যের বিভিন্ন দিকগুলির সম্বন্ধে প্রশ্ন করবে। ইম্পেরিয়াল কলেজ আপনার NHS নম্বর ব্যবহার ক'রে আপনার নাম, ঠিকানা ও জন্মতারিখের সাথে সম্পর্কযুক্ত নিয়মিত চিকিৎসাগত ও অন্যান্য স্বাস্থ্য-সংক্রান্ত রেকর্ড, যেমন ক্যান্সার রেজিস্ট্রেশন এর মাধ্যমে সরাসরি আপনার স্বাস্থ্য পর্যবেক্ষণ করবে।

3. আপনার জীবনযাত্রা - প্রশ্নমালাটি আপনার জীবনযাত্রার বিভিন্ন দিকগুলির সম্বন্ধে প্রশ্ন করবে, যেমন ধূমপান, খাদ্যাভ্যাস, এবং ব্যায়াম, কারণ এগুলি আপনার দীর্ঘমেয়াদী স্বাস্থ্যের সাথে সম্পর্কযুক্ত।

আপনাদের আমার সম্মতি প্রয়োজন কেন?

ডেটা প্রোটেকশন আইন অনুসরণ করে চলার জন্য এবং রোগীদের গোপনীয়তা সংক্রান্ত সাধারণ কর্তব্য পালনের জন্য আমাদের আপনার সম্মতি প্রয়োজন। এটা ইম্পেরিয়াল কলেজকে আপনাকে সনাক্তকারী তথ্য রাখা ও ব্যবহার করার অনুমতি

দেয়। এটা আমাদেরকে আপনার স্বাস্থ্যের যে কোনো পরিবর্তনের ব্যাপারে ফলো আপ করা এবং আপনার মোবাইল ফোন ব্যবহার সম্বন্ধে মোবাইল নেটওয়ার্ক অপারেটর (দের) থেকে তথ্য সংগ্রহ করারও অনুমতি দেয়।

আমি কীভাবে আমার সম্মতি প্রত্যাহার করতে পারি?

আপনার যে কোনো সময়ে সম্মতি প্রত্যাহার করার অধিকার আছে। আপনি যদি অধ্যয়ন থেকে প্রত্যাহারের কথা বিবেচনা করেন তাহলে অনুগ্রহ করে ফ্রিফোন নম্বর 08000 270 270 এ যোগাযোগ করুন (সোমবার - শনিবার, সকাল 10.00 টা - সন্ধ্যা 6.00 টা)।

আপনি যদি প্রত্যাহারের সিদ্ধান্ত নেন, তাহলে আপনার সাথে ভবিষ্যতে যোগাযোগ করা এবং আপনার তথ্যাবলীকে ব্যবহার করার ব্যাপারে আপনার নিম্নলিখিত বিকল্পগুলি থাকবে:

1. **পরে আর কোনো যোগাযোগ নয়** - অর্থাৎ কসমস আর কখনো সরাসরি আপনার সাথে যোগাযোগ করবে না, তবে পূর্বে প্রদত্ত তথ্যাবলী রাখা ও ব্যবহার করা এবং আপনার স্বাস্থ্যের রেকর্ড থেকে পরবর্তীতে তথ্য সংগ্রহ ও ব্যবহার করার জন্য এরপরেও তাদের কাছে আপনার অনুমতি থাকবে।

2. **পরে আর কোনো অ্যাক্সেস (তথ্য সংগ্রহ) নয়** - অর্থাৎ কসমস আর কখনো সরাসরি আপনার সাথে যোগাযোগ করবে না, বা ভবিষ্যতে আপনার স্বাস্থ্যের রেকর্ড থেকে আর কোনো তথ্য সংগ্রহ করবে না, তবে পূর্বে প্রদত্ত তথ্যাবলী ব্যবহার করার জন্য এরপরেও তাদের কাছে আপনার অনুমতি থাকবে।

3. **পরে আর ব্যবহার করা যাবে না** - অর্থাৎ আপনার সাথে আর কোনো যোগাযোগ না করা বা পরবর্তীতে কোনো তথ্য সংগ্রহ না করা ছাড়াও, কসমস পূর্বে সংগ্রহ করা আপনার সমস্ত তথ্য বিনষ্ট করে ফেলবে।

তথ্য সুরক্ষা

আমার বিষয়ক তথ্যকে কীভাবে গোপন রাখা হবে?

আপনার একান্ততা ও গোপনীয়তা আমাদের কাছে গুরুত্বপূর্ণ। এই গবেষণামূলক অধ্যয়নটি যেন ডেটা প্রোটেকশন অ্যাক্ট 1998-এর সমস্ত বাধ্যবাধকতাগুলি সম্পূর্ণরূপে অনুসরণ করে, সেটা সুনিশ্চিত করার জন্য ইম্পেরিয়াল কলেজ ইনফর্মেশন কমিশনারের কাছে পরামর্শ চেয়েছে। সমস্ত ব্যক্তিগতরূপে সনাক্তকরণযোগ্য তথ্যকে কঠোরতম গোপনীয়তার সাথে সামলানো হবে। সমস্ত তথ্য ইম্পেরিয়াল কলেজের একটি একান্ত কম্পিউটার নেটওয়ার্কে সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হবে। এই অধ্যয়নের ফলাফলগুলি স্বতন্ত্র পুনরীক্ষণের পরে প্রকাশ করা হবে, কিন্তু কোনো ব্যক্তিগতরূপে সনাক্তকরণযোগ্য তথ্য কখনো প্রকাশ করা হবে না।

কারা আমার তথ্য দেখতে ও ব্যবহার করতে পারবেন?

আপনার স্বাস্থ্য ও মোবাইল ফোন ব্যবহার সংক্রান্ত তথ্যকে ইম্পেরিয়াল কলেজের একটি একান্ত কম্পিউটার নেটওয়ার্কে সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হবে এবং শিক্ষামূলক গবেষণা দলটি এগুলো দেখতে পারবে। আপনার নাম ও ঠিকানা সমেত আপনাকে ব্যক্তিগতরূপে সনাক্তকরণযোগ্য তথ্যকে আপনার স্বাস্থ্য ও মোবাইল ফোন ব্যবহার সংক্রান্ত তথ্যের থেকে পৃথকভাবে রাখা হবে। আপনার ব্যক্তিগতরূপে সনাক্তকরণযোগ্য তথ্য দেখার সুযোগকে ইম্পেরিয়াল কলেজের শিক্ষামূলক গবেষণা দলের কয়েকজন মাত্র সদস্যের মধ্যেই সীমাবদ্ধ রাখা হবে, তাদেরকে একটি কঠোর গোপনীয়তার চুক্তিতে (নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট) স্বাক্ষর করতেই হবে। অধ্যয়ন চলাকালীন সংগৃহীত তথ্যকে অন্যান্য দেশের গবেষকদের কাছে পাঠানো হতে পারে, যারা আন্তর্জাতিক কসমস দলের অংশ এবং সেই সকল দেশের আইনে আপনার গোপনীয়তাকে ইউকে-র ডেটা প্রোটেকশন অ্যাক্টের মত সম-মাত্রায় সুরক্ষিত নাও রাখা হতে পারে। তবে এই আন্তর্জাতিক গবেষকরা যেন কেবলমাত্র নামহীন তথ্য দেখতে পান, যা আপনাকে সনাক্ত করে না, সেটা সুনিশ্চিত করার মাধ্যমে ইম্পেরিয়াল কলেজ আপনার গোপনীয়তাকে সুরক্ষিত রাখবে। কখনো কোনো ব্যক্তিগতরূপে সনাক্তকরণযোগ্য তথ্যকে আন্তর্জাতিক গবেষক দলগুলির কাছে হস্তান্তরিত করা হবে না।

পরবর্তী পদক্ষেপগুলো

আমি যদি এখন অংশ নিতে চাই, তাহলে আমার কী করা উচিত?

আপনি যদি অংশ নিয়ে সাহায্য করতে চান, তাহলে অনুগ্রহ করে অধ্যয়নের ওয়েবসাইট www.ukcosmos.org-এ যান এবং অনলাইন প্রশ্নমালার লিংকে ক্লিক করুন। লগ-ইন করার জন্য আপনার সুরক্ষিত আইডি নম্বর (আপনার আমন্ত্রণের চিঠিতে প্রিন্ট করা আছে) দরকার হবে, অনুমতি দিতে হবে এবং প্রশ্নমালাটি সম্পূর্ণ করতে হবে।

আমাকে কখন সিদ্ধান্ত নিতে হবে?

এই ব্যাপারে চিন্তা করার জন্য আপনার কাছে চার সপ্তাহ সময় আছে। তারপরে আমরা আপনাকে অনুস্মারক হিসেবে আরেকটি আমন্ত্রণ পাঠাব। আমরা যদি আপনার কাছ থেকে কোনো উত্তর না পাই, তাহলে ধরে নেব যে আপনি অংশ নিতে চান না এবং আপনার সাথে আর কোনো যোগাযোগ করা হবে না।

আমি অংশ নেওয়ার ব্যাপারে অনিশ্চিত হলে, আমার অন্য কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকলে, আমি কী করতে পারি?

আপনার অন্য কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকলে নীচের উপায়ে আমাদের সাথে যোগাযোগ করুন, আমরা আপনাকে আরো তথ্য দিতে পেরে খুশি হব:

1) ইউকে কসমস ওয়েবসাইটে যাওয়ার মাধ্যমে: www.ukcosmos.org
2) নীচের ঠিকানায় চিঠি লিখে: UK COSMOS study, Department of Epidemiology and Biostatistics, School of Public Health, Faculty of Medicine, Imperial College London, St Mary’s Campus, Norfolk Place, London W2 1PG.
3) ইমেলের মাধ্যমে : ukcosmos@imperial.ac.uk
4) ফ্রিফোনের মাধ্যমে : 08000 270 270 (সোমবার - শনিবার, সকাল 10.00টা - সন্ধ্যা 6.00টা)

এছাড়াও কসমস (COSMOS) সম্বন্ধে আরো তথ্য পাওয়া যায় :

www.ukcosmos.org